

যুগান্তর

প্রিন্ট: ২৫ মে ২০২৫, ০৮:২৯ এএম

শিক্ষার্থী

ডিনস অ্যাওয়ার্ড পেলেন ইবির ৩৫ শিক্ষার্থী



ইবি প্রতিনিধি

প্রকাশ: ২৪ মে ২০২৫, ০৭:১৫ পিএম



ছবি: যুগান্তর

সর্বোচ্চ ফলাফল অর্জন করায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ৮টি অনুষদের ৩৫ শিক্ষার্থীকে ডিনস অ্যাওয়ার্ড দিয়েছে প্রশাসন। শনিবার বেলা ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে এক অনুষ্ঠানে তাদের এ অ্যাওয়ার্ড দেওয়া হয়।

প্রতিটি অনুষদের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের একক ও যৌথভাবে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের সনদপত্র ও আর্থিক সম্মাননা দেওয়া হয়। এতে মোট ৩৫ শিক্ষার্থীর মধ্যে ২৪ জন ছাত্র ও ১১ জন ছাত্রী এ সম্মাননা পেয়েছেন।

অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- ধর্মতত্ত্ব অনুষদের জালাল উদ্দীন, আজম আহমেদ, নোমান ইবনে খায়ের, আনোয়ারুল কবির, আব্দুল আহাদ, মাচুম বিল্লাহ, জান এ আলম, রাসেল আহমেদ ও আহামদ উল্লাহ।

কলা অনুষদের সিহাব উদ্দিন, সোহেদুল ইসলাম ও আব্দুল কাইয়ুম। সামাজিক বিজ্ঞান অনুষদের ইমরুল কায়েস, আবু জাহেদ রায়হান ও সুমাইয়া আফরিন।

আইন অনুষদের তাহমিদ হাসান, নাহিদ হাসান জয় ও রেদওয়ানুল ইসলাম। ব্যবসায় প্রশাসন অনুষদের মুশফিকা খানম, তাসনিম আরা, আঁখি খাতুন ও আল আমিন।

বিজ্ঞান অনুষদের রাবিয়া খাতুন, রুবাইয়াতুল ইসলাম জেরিন, ফারিয়া ইসলাম, ওমর ফারুক ও লতিফুর রহমান। প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের শামিম সরকার, রুবাইয়া হাসনা, সাফিকুর রহমান ফাহিম ও মারুফা ইয়াসমিন মিশ্র। জীব বিজ্ঞান অনুষদের বুলবুল সৈকত, মাহাদী হাসান সজল, খাদিজাতুল সিমরান ও সুরমা পারভিন।

অনুষ্ঠানে ডিনস কমিটির আহ্বায়ক ও ধর্মতত্ত্ব অনুষদের ডিন অধ্যাপক ড. আব ম সিদ্দিকুর রহমান আশ্রাফীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এম এয়াকুব আলী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

এছাড়া প্রষ্টর অধ্যাপক ড. শাহীনুজ্জামান, ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. ওবায়দুল ইসলাম, আট অনুষদের ডিন, বিভাগসমূহের সভাপতিসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, আজ তোমরা যে যোগ্যতার ভিত্তিতে প্রথম হয়েছো, তোমাদেরকে কর্মক্ষেত্রে সেই যোগ্যতার প্রতিফলন ঘটাতে হবে। তোমরা ভবিষ্যতে আরও সফলতার স্বাক্ষর রাখবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের নাম দেশ ও বিশ্বের কাছে গর্বের সঙ্গে তুলে ধরবে। তোমরা যারা জুনিয়র আছো, তারাও ভালো ফলাফল অর্জনের চেষ্টা করবে। এ অর্জন উচ্চশিক্ষা ও চাকরির প্রতিযোগিতায় তোমাদের এগিয়ে রাখবে।

